২নং পূর্বজুড়ী ইউনিয়ন পরিষদ
জুড়ী, মৌলভীবাজার।

## করোনা ভাইরাস প্রতিরোধ ও মোকাবেলা সংক্রান্ত ইউনিয়ন কমিটির ১ম সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব সালেহ উদ্দিন আহমদ, চেয়ারম্যান, ২নং পূর্বজুড়ী ইউনিয়ন পরিষদ।
সভার স্থান: ইউপি সভাকক্ষ।
সভার তাং- ০৮-০৪-২০২০খ্রি: সময়: দুপুর ১২.০০ ঘটিকা।
সভার উপস্থিতি: পরিশিষ্ট-ক
আলোচ্যসূচী:
১। করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা।
২। বিবিধ।

| ক্র:নং | আলোচনার বিষয় | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | অদ্যকার সভায় করোনা ভাইরাস প্রতিরোধ সংক্রান্ত জাতীয় কমিটির নির্দেশনা বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা হয়। সভায় উপস্থিত সহকারি স্বাস্থ্য পরিদর্শক জনাব কামরুজ্জামান সাহেব সভাকে জানান যে, অত্র ইউনিয়নে এ পর্যন্ত ছয়জন বিদেশ ফেরত লোককে হোম কোয়ারেন্টাইনে রাখা হয়েছিল তাদের কোয়ারেন্টাইনের মেয়াদ (১৪ দিন) শেষ হয়েছে। তার হলেন ১। সংযুক্ত আরব আমিরাত ফেরত বড়ধামাই নিবাসী জনাব কামরুল ইসলাম গত ০৪-০২-২০২০, ২। ছোটধামাই নিবাসী বাবু চন্দ্রবধন সিংহ গত ০২-০৩-২০২০, ৩। ছোটধামাই নিবাসী নুরুননেছা, ইন্ডিয়া ফেরত গত ০৮-০৩-২০২০, ৪। সংযুক্ত আরব আমিরাত প্রবাসী বড়ধামাই নিবাসী সিরাজ উদিদন গত ০৭-০৩-২০২০, ৫। ফ্রান্স ফেরত বড়ধামাই নিবাসী জনাব আব্দুল ওয়াদুদ গত ১১-০৩-২০২০ এবং ৬। যুক্তরাজ্য ফেরত বড়ধামাই নিবাসী মুহিবা বেগম গত ১৮-০৩-২০২০খ্রি: তারিখে দেশে আসলে সংবাদ পাওয়ামাত্র তাদেরকে সরকারি নির্দেশনা মোতাবেক হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করা হয়। তাদের কোয়ারেন্টাইনের মেয়াদ ১৪ দিন ইতিমধ্যে শেষ হয়েছে। তারা সুস্থ্য আছেন। তাছাড়া সামাজিক দুরত্ব নিশ্চিত করতে জনগনকে সচেতন করার জন্য, এবং করোনা প্রতিরোধে স্বাস্থ্য বিভাগকে সগযোগীতা করতে তিনি পরিষদকে অনুরোধ জানান। তিনি আরো জানান যে, ইউনিয়নের দুটি কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম সকাল ০৮ঘটিকা থেকে দুপুর ১২ ঘটিকা পর্যন্ত চলছে।<br>তাছাড়া ১,২,৩,৪,৫,৬, ৮ ও ৯ নং ওয়ার্ড সদস্যগন সভাকে জানান যে, তাদের এলাকার যুবসমাজ নিজ উদ্যোগে মাননীয় উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী, মহোদয়ের করোনা ভাইরাস প্রতিরোধ চেষ্ঠার হিসেবে গ্রামগুলোকে লক ডাউন ঘোষনা করে গ্রামগুলোর মূল প্রবেশ পথে চেকপোষ্ট বসানো হয়েছে। জরুরী প্রয়োজন ছাড়া কোন গ্রামবাসীকে গ্রামের বাহিরে যেতে-আসতে দেয়া হচ্ছে না। যারা জরুরী প্রয়োজনে ঢুকছেন তাদেরকে জীবানুণাষক স্প্রে দিয়ে হাত ধুইয়ে ভিতরে প্রবেশ করতে দিচ্ছেন।<br>এদিকে ৬নং ওয়ার্ড সদস্য সভাকে জানান যে, সোনারুপা চা বাগানে সরকারী মদের দোকান বন্ধ থাকায় স্থানীয় ভাবে দেশীয় প্রযুক্তিতে মদ উৎপাদন করছেন কতিপয় মাদক ব্যবসায়ীরা। তাছাড়া সোনারুপা চা বাগান ফুটবল মাঠে প্রতিদিন খেলাধুলা হচ্ছে।<br>এসব বিষয় নিয়ে সভায় বিস্তারীত আলোচনা হয়। | লক ডাউনে এলাকার যুব সমাজের নিজস্ব উদ্যোগকে স্বাগত জানানো হয় বাকী এলাকাগুলোতেও যুবসমাজকে উৎসাহিত করার জন্য সংশ্লিষ্ট ইউপি সদস্যগনকে অনুরোধ জানিয়ে এবং দেশীয় মদের উৎপাদন,বিক্রয় ও সেবনের বিষয়ে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহন করতে ভারপ্রাপ্ত কর্মকর্তা, জুড়ী থানাকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০২ | বিবিধ: অত:পর সভায় আর কোন আলোচ্যসূচী নাথাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে এবং সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার জন্য সদস্য সচিবকে অনুরোধ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করেন। | | |

স্বা:/০৮/৪/২০২০
(সালেহ উদ্দিন আহমদ)
চেয়ারম্যান ও সভাপতি
করোনা প্র:সংক্রান্ত ইউনিয় কমিটি
২নং পূর্বজুড়ী ইউনিয়ন পরিষদ
জুড়ী, মৌলভীবাজার।

স্মারক নং- ৪৬.৪৬.৫৮৩৫.০৬৭.০০.০০০.২০১৫-২০২০/৫৯ তারিখ: ০৮-০৪-২০২০খ্রি:

অনুলিপিঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, জুড়ী, মৌলভীবাজার মহোদয়ের সদয় অবগতির জন্য।
২। সদস্য (সকল)
৩। অফিস কপি।

৮/৪/২০২০
(আবু শাহীন)
সচিব ও সদস্য সচিব
করোনা প্র:সংক্রান্ত ইউনিয়ন কমিটি
পূর্বজুড়ী ইউপি।